দৈনিক ইনকিলাব 100

তাং 11 NOV 1988
পৃষ্ঠা ... কলাম ...

ঢাকা—৫৭·৭৫ | কুমিল্লা—৫১·৭০ | রাজশাহী—৩৪·৬২ | যশোর—২৮·৭৯

# চারটি বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ

॥ স্টাফ রিপোর্টার ॥

গতকাল সকালে ঢাকায় দেশের চারটি শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার (এইচএসসি) ফলাফল একযোগে প্রকাশিত হয়েছে। শিক্ষামন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সাংবাদিক, চার বোর্ডের চেয়ারম্যান ও শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের এক সভায় আনুষ্ঠানিকভাবে এ ফলাফল প্রকাশ করেন।

ফলাফল অনুযায়ী ঢাকা বোর্ডে পাসের হার ৫৭·৭৫, কুমিল্লা বোর্ডে পাসের হার ৫১·৭০, রাজশাহী বোর্ডে পাসের হার ৩৪·৬২ এবং যশোর বোর্ডে পাসের হার ২৮·৭৯। চার বোর্ডে পাসের মোট গড় হার ৪৩·২১। পরীক্ষার এ ফলাফল একই সাথে চারটি বোর্ডের সকল কেন্দ্রেও পাঠান হয়েছে।

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## ঢাকা বোর্ডের প্রথম ১০ জন

॥ স্টাফ রিপোর্টার ॥

প্রথম দশটি স্থান অধিকারকারীদের তালিকাঃ

(১) মোঃ জাহিদ হাসান *৭১৯১ (পদা. রসা, গ, পরি) ঢাকা কলেজ, প্রাপ্ত নম্বর ৯৫০।

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## কুমিল্লা বোর্ডের প্রথম ১০ জন

॥ স্টাফ রিপোর্টার ॥

প্রথম দশটি স্থান অধিকারকারীগণ হচ্ছেনঃ (১) মুনাজ আহমেদ নূর *৩৯১৬৩ (গ, প, র, প্র) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৯০১।

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## রাজশাহী বোর্ডের প্রথম ১০ জন

॥ স্টাফ রিপোর্টার ॥

রাজশাহী বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম ১০ জন হলোঃ

১। মোঃ সাইফুল ইসলাম *২৫ (প, র, গ, প্র) রাজশাহী ক্যাডেট কলেজ প্রাপ্ত

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## যশোর বোর্ডের প্রথম ১০ জন

॥ স্টাফ রিপোর্টার ॥

যশোর বোর্ডে সম্মিলত মেধা তালিকায় প্রথম ১০ জন হচ্ছেঃ

১। মোঃ জিয়া হাসান চৌধুরী *৭ (গ, প, র, প্র) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, প্রাপ্ত

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## চার বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে সাইফুল

॥ স্টাফ রিপোর্টার ॥

সাইফুল চার বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে। ঢাকা আবহাওয়া বিভাগের স্টাফ ট্রেনিং ইনস্টিটিউটের সাবেক ইনস্ট্রাক্টর কাজী নূরুন্নবীর (বর্তমানে ব্যবসায়ী) প্রথম পুত্র ও রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ সাইফুল ইসলাম (রোল

২-এর পৃষ্ঠায় দেখুন

## বিশ্ব চরাচরের রহস্য উপলব্ধি করতে চায় জাহিদ হাসান

॥ স্টাফ রিপোর্টার ॥

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকারী মোহাম্মদ জাহিদ হাসান গতকাল সকালে সর্বপ্রথম দৈনিক ইনকিলাব-এর প্রতিবেদকের মুখোমুখি হয়ে তাৎক্ষণিক প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, আমার এই ফলাফলকে হৃত গৌরব পুনরুদ্ধার বলা যায়

উল্লেখ্য, '৮৬ সালের মাধ্যমিক পরীক্ষায় হাসান সম্মিলিত মেধা তালিকায় তৃতীয়

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

**ঘোষণা**

৪টি উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতী ছাত্র-ছাত্রীদের ছবিসহ আরো খবর আগামীকাল প্রকাশিত হবে। —সম্পাদক



ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকারী মোঃ জাহিদ হাসান বাপ-মা'র সঙ্গে —ইনকিলাব



রাজশাহী বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম ... ইসলাম বাপ-মা'র সঙ্গে —ইনকিলাব



## শিক্ষাঙ্গনে সন্ত্রাসের জন্য সমাজ ব্যবস্থা দায়ীঃ তুরিন

॥ স্টাফ রিপোর্টার ॥

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ঢাকা বোর্ডে কলা শাখায় পুরুষ ও মহিলাদের মধ্যে প্রথম

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন



## জিয়া হাসান সৈনিক হতে আগ্রহী

॥ স্টাফ রিপোর্টার ॥

ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ জিয়া হাসান চৌধুরী যশোর

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন



## ইজ্জাত তানজিন স্থপতি হতে চায়

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বোর্ডে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে মহিলাদের মধ্যে প্রথম

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

দৈনিক ইনকিলাব

তারিখ 11 NOV 1988
পৃষ্ঠা ... কলাম ...

## পরীক্ষার ফল

প্রথম পৃষ্ঠার পর

উল্লেখ্য, চারটি শিক্ষা বোর্ডে মোট ২ লাখ ৯৭ হাজার ১শ' ২০ জন ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে। এর-মধ্যে মোট ১ লাখ ৩১ হাজার ৩১ জন ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হয়েছে। এদের মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে ১২ হাজার ৪শ' ৮৮ জন, দ্বিতীয় বিভাগে ৭৬ হাজার ৩শ' ৩৮ জন এবং তৃতীয় বিভাগে ৪২ হাজার ২শ' ৫ জন।

চার বোর্ডের মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র সংখ্যা হচ্ছে ২ লাখ ১৭ হাজার ৩শ' ২০ জন এবং ছাত্রী সংখ্যা হচ্ছে ৭৯ হাজার ৮শ' জন। ছাত্র ও ছাত্রীদের পাসের গড় হার ছাত্র—৪৪·৪১ এবং ছাত্রী—৪৩·২৬।

ঢাকা শিক্ষা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ৯৫০ নম্বর পেয়ে প্রথম হয়েছে ঢাকা কলেজের ছাত্র মোহাম্মদ জাহিদ হাসান। কুমিল্লা বোর্ডে ৯০১ নম্বর পেয়ে প্রথম হয়েছে ফৌজদার ক্যাডেট কলেজের ছাত্র মুনাজ আহমেদ নূর। রাজশাহী বোর্ডে ৯৫৬ নম্বর পেয়ে প্রথম হয়েছে রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ সাইফুল ইসলাম বেং যশোর বোর্ডে ৯১৩ নম্বর পেয়ে প্রথম হয়েছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ শাহেদ ফারুক সিনহা।

চার বোর্ডে সর্বোচ্চ ৯৫৬ নম্বর পেয়ে প্রথম হয়েছে রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ সাইফুল ইসলাম।

উল্লেখ্য, ঢাকা বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৯ হাজার ৯শ' ৪০ জন। এর মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে ৬ হাজার ৯শ' ৫৭ জন, দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ৩২ হাজার ৯শ' ৩৯ এবং তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ১২ হাজার ৪৩ জন।

কুমিল্লা বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৬৫ হাজার ৫শ' ৪ জন। এর মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ২ হাজার ৬৪ জন, দ্বিতীয় বিভাগ ১৮ হাজার ৮শ' ২৫ জন এবং তৃতীয় বিভাগ ১২ হাজার ৯শ' ৭৭ জন।

রাজশাহী বিভাগে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৭৬ হাজার ১৭ জন। এর মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে ১ হাজার ৯শ' ৪৪ জন, দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ১৩ হাজার ৯শ' ১ জন এবং তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ১০ হাজার ৪শ' ৭৭।

যশোর বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৬৫ হাজার ৬শ' ৫৯ জন। এর মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ১ হাজার ৫শ' ২৩ জন, দ্বিতীয় বিভাগ ১০ হাজার ৬শ' ৭৩ জন এবং তৃতীয় বিভাগ ৬ হাজার ৭শ' ৮ জন।

ঢাকা বোর্ডে মহিলাদের মেধা তালিকায় বিজ্ঞান শাখায় ৯১৪ নম্বর পেয়ে প্রথম হয়েছে ঢাকার হলিক্রস কলেজের ছাত্রী ইজ্জাত তানজিন এবং কলা শাখার মেধা তালিকায় ৮৫২ নম্বর পেয়ে প্রথম হয়েছে হলিক্রস কলেজের ছাত্রী তুরিন আফরোজ। এ বোর্ডে বাণিজ্য শাখায় ৭৭৩ নম্বর পেয়ে প্রথম হয়েছে ইউনিভার্সিটি উইমেন্স কলেজের ছাত্রী শরমিলা খাতুন। গার্হস্থ্য অর্থনীতি শাখায় ৭১৬ নম্বর পেয়ে প্রথম হয়েছে গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রী গুলশান সাদিয়া। কৃষি বিজ্ঞান শাখায় ৬৯৫ নম্বর পেয়ে প্রথম হয়েছে টাঙ্গাইলের ইসলামী বিশ্ববিদ্যালয় টেকনিক্যাল কলেজের ছাত্রী হাসিনা আক্তার।

## কুমিল্লা বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

(২) হাসিব মোহাম্মদ শাকুর *৩৯১৫২ (গ, প, র, প্র) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৯৩।

(৩) ইকবাল মুর্শেদ কবীর *৩৯১৩৭ (গ, প, র, জী) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৮৮।

(৪) আখতার শহীদ *৩৯১৫৭ (গ, প, র, প্র) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৮৪।

(৫) রায়হান কিবরিয়া *৩০৮৪১ (গ, প, র, জী) কুমিল্লা ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৮১।

(৬) আবুল কালাম সারোয়ার *৬৪৫৬৭ (গ, প, র, পরি) সিলেট ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৮০।

(৭) মোহাম্মদ এনামুল খালেক *৩৮১৮৫ (গ, প, র, প্র) কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজ এবং আলাউদ্দিন আহমেদ *৩৮৪৭১ (গ, প, র, জী) চট্টগ্রাম কলেজ, প্রাপ্ত নম্বর ৮৭৩।

(৮) আবু খালিদ মোঃ মঈনুদ্দিন *৩৯১৫৪ (গ, প, র, প্র) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৭১।

(৯) আবু ঈসা মোহাম্মদ *৩৯১৫৩ (গ, প, র, প্র) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৬১।

(১০) মোঃ মাজহার-উল-ইসলাম *৩৯১৬৪ (গ, প, র, প্র) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৬০।



## ইংরেজীর ওপর আরো জোর দিতে হবেঃ শারমিনা

॥ স্টাফ রিপোর্টার ॥

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ঢাকা বোর্ডে বাণিজ্য শাখায় পুরুষ ও মহিলাদের মধ্যে প্রথম শারমিনা খান ভবিষ্যতে এমবিএ

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## ছাত্রদের চেয়ে ছাত্রীরা পাস করেছে বেশী

॥ স্টাফ রিপোর্টার ॥

দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের সংখ্যা অর্ধেকেরও বেশী।

সর্বমোট ২ লাখ ৯৭ হাজার ১শ' ২০ জন পরীক্ষার্থী এবার পরীক্ষায় অংশগ্রহণ করে। পাস করেছে ১ লাখ ২১ হাজার ৩১ জন। এদের মধ্যে ছাত্র হলো ৯৬ হাজার ৫শ' ৪ এবং ৩৪ হাজার ৫শ' ২৭ জন ছাত্রী। অকৃতকার্যের গড় হার হচ্ছে শতকরা ৫৬·৭৯।

একমাত্র রাজশাহী বোর্ড ছাড়া অবশিষ্ট ৩টি বোর্ডেই ছাত্রদের চেয়ে ছাত্রীদের পাসের হার বেশী।

## তানজিন

প্রথম পৃষ্ঠার পর

স্থান অধিকারী ইজ্জাত তানজিন ভবিষ্যতে স্থপতি হওয়ার ইচ্ছে পোষণ করেছে। এই গৌরব অর্জনের লক্ষ্যে সে প্রথম থেকেই সিরিয়াস ছিল। প্রতিটি বিষয়ের জন্য তার হাউজ টিউটর ছিল। পড়াশোনার কোন ধরাবাধা নিয়ম ছিল না। তবে পরীক্ষার আগে প্রতিদিন ১৪ ঘন্টা পড়াশোনা করতো।

মাধ্যমিক পরীক্ষায় তানজিনের স্টার মার্কস ছিল।

সে বলে, রাজনীতি সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সচেতন হওয়া উচিত কিন্তু সক্রিয় রাজনীতিতে জড়িয়ে যাওয়া উচিত নয়।

তানজিন নারী স্বাধীনতায় বিশ্বাসী। একটি ভাষা মাধ্যমে দেশের নিম্ন থেকে সর্বোচ্চ পর্যায়ে পড়াশোনা হওয়া উচিত বলে সে মনে করে।

তার বাবা জনাব আবু নাসিম মুহাম্মদ শহীদ সিনহা একজন ব্যবসায়ী, মা ইসমাত শহীদ গৃহিণী।

তানজিনের হবি পেইন্টিং, গল্পের বই পড়া। ওরা এক ভাই, এক বোন।

## জিয়া হাসান

প্রথম পৃষ্ঠার পর

বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ৯১৩ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে। কুষ্টিয়া টেকনিক্যাল স্কুলের প্রিন্সিপ্যাল জনাব জহুরুল হকের পুত্র জিয়া হাসান সৈনিক হওয়ার ইচ্ছা প্রকাশ করেছে। জিয়া প্রতিদিন নিয়মিত ৫ থেকে ৬ ঘন্টা পড়াশোনা করেছে। মাছ ধরা ও শিকার তার সখ। খেলাধুলার ব্যাপারেও তার যথেষ্ট আগ্রহ রয়েছে।

## তুরিন

প্রথম পৃষ্ঠার পর

স্থান অধিকারী তুরিন আফরোজ ভবিষ্যতে আইনজ্ঞ হবে।

উচ্চ মাধ্যমিক-এ সে নিয়মিত ১৫/১৬ ঘন্টা পড়াশোনা করতো। সাইকোলজি ছাড়া অন্য সব সাবজেক্টে তার হাউজ টিউটর ছিল।

মাধ্যমিক পরীক্ষায় তুরিন বিজ্ঞান বিভাগে চারটি বিষয়ে লেটার মার্কসসহ উত্তীর্ণ হয়েছিল। এরপর মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক-এ ভর্তি হয়েছে। সে মনে করে, মাধ্যমিক-এ মানবিক শাখায় পড়ালেখা করলে আরও ভালো রেজাল্ট করা যেত।

## জাহিদ হাসান

প্রথম পৃষ্ঠার পর

স্থান অধিকার করেছিল। সেবার ফলাফল প্রকাশের পূর্বেই দু'একটি দৈনিকে সে প্রথম হয়েছিল বলে সংবাদ প্রকাশিত হয়েছিল। ফল প্রকাশের পর দেখা গেছে, প্রকাশিত খবর সত্য নয়।

প্রতিক্রিয়ায় প্রকাশ করে সে আরও বলে, এ মুহূর্তের অনুভূতি ভাষায় ব্যক্ত করা যাবে না। গত দু'বছর যাবত, আমি এই ফলাফলের জন্যই অপেক্ষা করেছি।

বিশ্ব চরাচরের অন্তহীন রহস্য কিভাবে গাণিতিক সমীকরণের মাধ্যমে উপলব্ধি করা যায়—সে তাড়নাই আমার মূল অনুপ্রেরণা।



## কলি পরীক্ষাপদ্ধতির পরিবর্তন চায়

॥ স্টাফ রিপোর্টার ॥

অধিকতর নারী স্বাধীনতায় বিশ্বাসী কলি মিলড্রেড গোমেজ ভবিষ্যতে চার্টার্ড একাউন্টেন্ট হবে। কলি (রোল ৯৫৮১৯) ঢাকা বোর্ড থেকে এবারের এইচএসসি পরীক্ষায় ২টি লেটারসহ ৭৭৩ নম্বর

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## কলি

প্রথম পৃষ্ঠার পর

পেয়ে বাণিজ্য বিভাগে যুগ্ম প্রথম হয়েছে। সে এসএসসিতে বিজ্ঞান বিভাগ থেকে ২টি লেটারসহ প্রথম বিভাগ পেয়েছিল।

পিতা সুপ্রীম কোর্টের এডভোকেট জনাব লাফন্ড গোমেজ এবং মা শান্তি মারিয়া গোমেজের কনিষ্ঠ মেয়ে কলি, প্রাপ্ত ফলাফলে খুশী। সে একজন গৃহশিক্ষকের তত্ত্বাবধানে দৈনিক ৪-৫ ঘন্টা লেখাপড়া করেছে। তার ভাল ফলাফলের পেছনে পিতা-মাতার অনুপ্রেরণা এবং শিক্ষকদের অবদান ছিল ব্যাপক।

শিক্ষার সঠিক মূল্যায়নের জন্যে পরীক্ষাপদ্ধতি পরিবর্তনের উপর কলি গুরুত্ব আরোপ করে।

## যশোর বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

নম্বর ৯১৩।

২। মোঃ শাহেদ ফারুক সিনহা *১ (গ, প, র, প্র) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৯১০।

৩। মোঃ হাসান শহীদ *৩৪ (গ, প, র, প্র) বরিশাল ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৯০২।

৪। শওকত মোহাম্মদ কামরুল হাসান *৮ (গ, প, র, জী) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৯০১।

৫। হাসান মাহমুদ রেজা *১৯ (গ, প, র, জী) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৮২।

৬। আহমদ ফেরদৌস জাহাঙ্গীর *১৪৩২ (গ, প, র) সরকারী এম, এম, কলেজ, যশোর, প্রাপ্ত নম্বর ৮৭৬।

৭। মোঃ অহিদুল ইসলাম *১৪ (গ, প, র, প্র) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৭৩।

৮। এ, এস, এম, তারিকুল ইসলাম *১৩ (গ, প, র, প্র) বরিশাল ক্যাডেট কলেজ, প্রাপ্ত নম্বর ৮৬৭।

৯। জি, এম, জাহাঙ্গীর আলম *১৪৩০ (গ, প, র) সরকারী এম, এম, কলেজ, যশোর, প্রাপ্ত নম্বর ৮৬৬।

১০। কাজী নাফিউল মজিদ *২ (গ, র, জী) সরকারী বি, এল, কলেজ, দৌলতপুর, খুলনা, প্রাপ্ত নম্বর ৮৬...